

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩২২৪

আগরতলা, ২৭ মার্চ, ২০২৫

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গত ২৫ মার্চ রাষ্ট্রীয় কণ্ঠ পত্রিকায় “জিবিতে রুটিন রোস্টার মানছেন না একাংশ স্পেশালিস্ট ডাক্তার,” এই শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। জিবি হাসপাতালের পক্ষ থেকে এর স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে যে, প্রকাশিত সংবাদটি সঠিক নয়। আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালের সমস্ত ডাক্তারবাবুরা রুটিন ও রোস্টার অনুযায়ী কর্তব্য সম্পাদন করেন। জিবি হাসপাতালে একটি রোস্টার চার্ট সব সময় চালু থাকে। সেই রোস্টার অনুযায়ী স্পেশালিস্ট ডাক্তাররা যথাযথভাবে হাসপাতালে পরিষেবা দেন। প্রকাশিত সংবাদে বলা হয়েছে যে স্পেশালিস্ট চিকিৎসকদের ছোট অংশ রুটিন ও রোস্টার যথাযথভাবে মানছেন না। তা ঠিক নয়। মেডিসিন স্ত্রী রোগ ও প্রসূতি, ট্রমা, সার্জিক্যাল ইত্যাদি সমস্ত বিভাগেই স্পেশালিস্ট ডাক্তাররা রুটিন ও রোস্টার অনুযায়ী পরিষেবা দিয়ে থাকেন। এজিএমসি ও জিবিপি হাসপাতালের চিকিৎসকগণ দিবারাত্রি পরিষেবা দিচ্ছেন। তারা যথেষ্ট দায়িত্ব ও আন্তরিকতার সাথে কাজ করছেন। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত বহির্বিভাগ এবং বিকাল ৪:৩০ মিনিট থেকে ১০:৩০ মিনিট পর্যন্ত অন্তর্বিভাগ রোগীদের অর্থাৎ নতুন ও পুরাতন রোগীদের দেখার জন্য স্পেশালিস্ট চিকিৎসকরা থাকেন। রাত ১০:৩০ মিনিট থেকে প্রতিটি বিভাগে একজন করে স্পেশালিস্ট ডাক্তার অন কলে থাকেন।
